



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক , বি-আর পাওয়ারজেন লিঃ

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মস্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

সূচিপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ
(Strategic objectives) এবং কার্যাবলি (Functions)

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact);

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্যসমূহ, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচক, বাস্তবায়নকারী সংস্থা / সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা।

বিপিডিবি-আরপিসিএল (বি-আর) পাওয়ারজেন লিঃ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the performance of B-R Powergen Ltd.)

বর্তমান সরকার এর ভিশন ২০২১ এবং ঘরে ঘরে বিদ্যুৎ পৌছানোর অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে সরকারের অগ্রাধিকার খাত হিসাবে ২০১০ সালে বিদ্যুৎ বিভাগের অধীনে রেজিষ্টার অব জয়েন্ট স্টক কোম্পানি (RJSC) -এ তালিকাভুক্তির মাধ্যমে বিপিডিবি-আরপিসিএল (বি-আর) পাওয়ারজেন লিঃ প্রতিষ্ঠিত হয়।

সাম্প্রতিক অর্জন :

বি-আর পাওয়ারজেন লিঃ গাজীপুরস্থ কডডায় ১৫০ মেঃ ওঃ পাওয়ার প্ল্যান্ট নির্মাণ করেছে। উক্ত পাওয়ার প্ল্যান্ট ১৬ আগস্ট, ২০১৫ খ্রিঃ তারিখে বাণিজ্যিক উৎপাদন শুরু করে জাতীয় গ্রীডে NLDC এর চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ করে আসছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ :

কডডা ১৫০ মেঃ ওঃ পাওয়ার প্ল্যান্টটি HFO জ্বালানী ভিত্তিক দেশের সর্ববৃহৎ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র। নারায়ণগঞ্জস্থ বিপিসি'র নমিনেটেড তেল বিপণন কোম্পানিসমূহ পদ্মা, মেঘনা ও যমুনা ওয়েল লিঃ হতে FSA এর আওতায় জ্বালানী সড়ক ও নদী পথে বিদ্যুৎ কেন্দ্রে পরিবহণ করা হয়। সারা বছর নদীর নাব্যতা না থাকায় স্থল পথে জ্বালানী পরিবহণ করতে হয়। ফলে বিদ্যুৎ উৎপাদন ব্যয় বেশি হয়। ব্যবস্থাপনার পক্ষে প্ল্যান্টের জন্য প্রয়োজনীয় জ্বালানী সংগ্রহ ও মজুদকরণ একটি বিরাট চ্যালেঞ্জ। কারণ সুষ্ঠু জ্বালানী ব্যবস্থাপনা (আর্থিক ব্যবস্থাপনাসহ) নিশ্চিত করা না হলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ কেন্দ্র পরিচালনা ব্যাহত হবে।

ভবিষ্যৎ পরিকল্পনা :

বি-আর পাওয়ারজেন লিঃ ২০১৬-২০২৩ সাল পর্যন্ত বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের পরিকল্পনা নিম্নরূপ :

ক্রমিক নং	বিদ্যুৎ প্রকল্পের নাম	উৎপাদন ক্ষমতা	সম্ভাব্য উৎপাদনের তারিখ
০১.	মিরসরাই পাওয়ার প্ল্যান্ট	১৫০ মেঃ ওঃ	ডিসেম্বর, ২০১৮
০২.	শ্রীপুর পাওয়ার প্ল্যান্ট	১৫০ মেঃ ওঃ	ডিসেম্বর, ২০১৯
০৩.	মাদারগঞ্জ সৌর বিদ্যুৎকেন্দ্র	১০০ মেঃ ওঃ	জুন, ২০২০
০৪.	মহেশখালী কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র	৬৬০x২ মেঃ ওঃ	ডিসেম্বর, ২০২৫

২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান লক্ষ্যমাত্রাসমূহ :

- * মিরসরাই বিদ্যুৎ কেন্দ্র ও শ্রীপুর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য আন্তর্জাতিক দরপত্র আহবান , অর্থায়ন নিশ্চিতকরণ ও ইপিসি ঠিকাদার নিয়োগ প্রক্রিয়া সম্পন্নকরণ;
- * কডডা ১৫০ মেঃ ওঃ পাওয়ার প্ল্যান্টের জন্য বার্ষিক মালামাল ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন;
- * দক্ষ জনবল গড়ে তোলার লক্ষ্যে বার্ষিক ৬৫ ঘন্টা প্রশিক্ষণ প্রদান।

